গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
জাহাজ ও নৌ চলাচল শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

জরুরি
অতি গোপনীয়

নম্বর ১৩.০১.০০০০.০৮৩.৫০.০২০.১৯.২৪৭

তারিখ: ১৩ আশ্বিন ১৪২৭
২৮ সেপ্টেম্বর ২০২০

বিজ্ঞপ্তি

বিষয়: **২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থ বছরের জন্য চুক্তিবদ্ধ ও বর্ধিত মেয়াদে কর্মরত ডিবিসিসি (খুলনা-বরিশাল) নৌ পরিবহণ ঠিকাদারদের সাথে ০১/১০/২০২০ খ্রি. হতে ৩০/০৬/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত খাদ্যশস্য পরিবহণের জন্য সংশোধিত চুক্তি (Supplementary Contract) সম্পাদন**

এতদ্বারা ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থ বছরের জন্য চুক্তিবদ্ধ ও বর্ধিত মেয়াদে কর্মরত ডিবিসিসি (খুলনা-বরিশাল) নৌ পরিবহণ ঠিকাদারদের জানানো যাচ্ছে যে, সিপিটিইউ, পরিকল্পনা মন্ত্রণালয়ের ০৪/১২/২০১৮ খ্রি. তারিখের ২১.০০.০০০০.৩৬৪.২২. ৯৪৩.১৭-১৮৯ নং স্মারকের আইনগত পরামর্শ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি-৭৬(১)(ক) অনুযায়ী ক্রয়কারী কার্যালয় প্রধানের পূর্বানুমোদনক্রমে সরাসরি ক্রয় পদ্ধতির সরাসরি চুক্তির (Direct Contracting) অনুসরণে বিদ্যমান পরিবহণ ঠিকাদারদের সঙ্গে ভবিষ্যত কার্য সম্পাদনের জন্য ইতোপূর্বেকার চুক্তি অনুযায়ী ঠিকাদারদের প্রদত্ত সেবা ক্রয়কারীর কাছে সন্তোষজনক প্রতিপন্ন হওয়া সাপেক্ষে নিগোসিয়েশনকৃত সংশোধিত চুক্তিমূল্যে (বিধি-১৬(৫ক)) ঠিকাদার নিয়োগের বিষয়ে খাদ্য মন্ত্রণালয়ের ০৬/০৯/২০২০ খ্রি. তারিখের ১৩.০০.০০০০.০৪৭.১১.০০২.২০.১৬৪ নং স্মারকে প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে।

সিপিটিইউ এর আইনগত পরামর্শ, খাদ্য মন্ত্রণালয়ের নির্দেশনা ও প্রশাসনিক অনুমোদনের প্রেক্ষিতে ডিবিসিসি (খুলনা-বরিশাল) নৌ পরিবহণ ঠিকাদারদের ভবিষ্যত কার্যসম্পাদনের জন্য ০৫/০৭/২০২০ খ্রি. তারিখে খাদ্য অধিদপ্তর এবং ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থ বছরের জন্য চুক্তিবদ্ধ ও বর্ধিত মেয়াদে কর্মরত ডিবিসিসি (খুলনা-বরিশাল) নৌ পরিবহণ ঠিকাদারদের প্রতিনিধিদের সাথে নিগোসিয়েশনের আলোকে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে বর্তমানে কর্মরত আগ্রহী ঠিকাদারদের নিকট হতে ০১, ০২ ও ০৩ নং লটে ০১/১০/২০২০ খ্রি. হতে ৩০/০৬/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত মেয়াদে খাদ্যশস্য পরিবহণের জন্য আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

**শর্তসমূহঃ**

০১। ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থ বছরের জন্য চুক্তিবদ্ধ ও বর্ধিত মেয়াদে বর্তমানে কর্মরত **ডিবিসিসি (খুলনা-বরিশাল) নৌ পরিবহণ** ঠিকাদারগণ ১৩/১০/২০২০ খ্রি. তারিখ সকাল ৯.৩০ টা হতে বেলা-২.০০ টা পর্যন্ত আবেদন করতে পারবেন;

০২। পিপিআর এর বিধি-৭৬(১)(ক) ও বিধি ৩৮(১৩) অনুযায়ী বর্তমানে কর্মরত ডিবিসিসি (খুলনা-বরিশাল) নৌ পরিবহণ ঠিকাদারদের ০১/১০/২০২০ খ্রি. হতে ৩০/০৬/২০২১ খ্রি. পর্যন্ত বর্তমানে কর্মরত চুক্তিবদ্ধ দরে কার্য সম্পাদিত হবে;

০৩। ০১/০৩/২০২০ খ্রি. হতে ৩১/০৮/২০২০ খ্রি. পর্যন্ত ডিবিসিসি (খুলনা-বরিশাল) নৌ পরিবহণ ঠিকাদারদের অনুকূলে জারিকৃত কেন্দ্রীয় চলাচল সূচির ৭৫% পরিবাহিত খাদ্যশস্য সন্তোষজনক পারফর্সের পারফর্মেন্সের ভিত্তিতে ঠিকাদার নির্বাচন করা হবে;

০৪। ইতিপূর্বে মামলা মোকদ্দমায় দোষী সাব্যস্ত হয়েছে/মালামাল পরিবহণের ক্ষেত্রে খাদ্য বিভাগীয় তদন্তে দোষী সাব্যস্ত হয়েছে/আর্থিকভাবে কার্য সম্পাদনে অযোগ্য প্রমাণিত হয়েছে, এরূপ আগ্রহী ঠিকাদার চুক্তি সম্পাদনে অযোগ্য হিসেবে বিবেচিত হবেন;

০৫। ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থ বছরের জন্য/২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থ বছরের বর্ধিত মেয়াদের জন্য ডিবিসিসি (খুলনা-বরিশাল) নৌ পরিবহণ ঠিকাদারদের সাথে স্বাক্ষরিত চুক্তির শর্ত বলবৎ থাকবে।

০৬। আবেদনকারী ঠিকাদারকে তাঁর প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে এবং নিজ স্বাক্ষরে হালনাগাদ তথ্য সম্বলিত আবেদন করতে হবে;

০৭। ঠিকাদারের পক্ষে এফিডেভিট বা প্রতিনিধিত্বমূলক কোন আবেদন গ্রহণযোগ্য নয়;

০৮। অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য করা হবে;

০৯। মূল্যায়ন কমিটি কর্তৃক সুপারিশকৃত এবং মহাপরিচালক মহোদয় কর্তৃক অনুমোদনপূর্বক নোটিফিকেশন অব এওয়ার্ড (NOA) প্রদান করা হবে;

১০। চুক্তি সম্পাদন পূর্বে সিডিউল্ড ব্যাংক হতে চুক্তি সম্পাদন জামানত বাবদ জাহাজের মালিকানা থাকলে চুক্তিবদ্ধ লট প্রতি ১,০০,০০০/- (এক লাখ) টাকা এবং জাহাজের মালিকবিহীন চুক্তিবদ্ধ লট প্রতি ২,০০,০০০/- (দুই লাখ) টাকা টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ব্যাংক গ্যারান্টি দাখিল করতে হবে অথবা ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থ বছরের জন্য চুক্তিবদ্ধ ও বর্ধিত মেয়াদে কর্মকালীন সময়ের চুক্তি সম্পাদন জামানত বাবদ দাখিলকৃত টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ব্যাংক গ্যারান্টি সমন্বয় করা যাবে;

১১। সিডিউল্ড ব্যাংক হতে পণ্যের নিরাপত্তা জামানত বাবদ চুক্তিবদ্ধ লট প্রতি ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ব্যাংক গ্যারান্টি (মেয়াদ ৩০/০৯/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত) দাখিল করতে হবে অথবা ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থ বছরের জন্য চুক্তিবদ্ধ ও বর্ধিত মেয়াদে কর্মকালীন সময়ের পণ্যের নিরাপত্তা জামানত বাবদ দাখিলকৃত টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ব্যাংক গ্যারান্টি (মেয়াদ ৩০/০৯/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত) সমন্বয় করা যাবে;

১২। নোটিফিকেশন অব এওয়ার্ড (NOA) প্রদানের পর নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় সংখ্যক স্ট্যাম্প ও চুক্তি সম্পাদন জামানত এবং পণ্যের নিরাপত্তা জামানত প্রদান করে চুক্তিপত্র সম্পাদন করতে হবে;

১৩। খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইট হতে আবেদনপত্র (ফরম এস-১) ও আবেদনকারীর তথ্য সিট (ফরম এস-২) ডাউনলোড করে পূরণপূর্বক জমা দিতে হবে;

১৪। মৃত্যুজনিত/অন্যান্য কারণে যে সকল **ডিবিসিসি (খুলনা-বরিশাল) নৌ পরিবহণ** ঠিকাদারী প্রতিষ্ঠানের মালিকানা পরিবর্তন সংক্রান্ত কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে, সে সকল প্রতিষ্ঠানসমূহের বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে পরবর্তীতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

**আবেদনের সাথে যে সকল কাগজপত্রাদি দাখিল করতে হবেঃ**

০১। আবেদনপত্র (ফরম এস-০১);

০২। আবেদনকারীর তথ্য সিট (ফরম এস-০২);

০৩। জাতীয় পরিচয় পত্র;

০৪। হালনাগাদ ট্রেড লাইসেন্স;

০৫। ২০১৯-২০২০ কর বছরের আয়কর সনদ;

০৬। সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৩(তিন) কপি রঙিন ছবি;

০৭। ৩০০ (তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অতীত দায়দেনার হলফনামা (নোটারিকৃত/প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট কর্তৃক প্রদানকৃত);

০৮। চুক্তি সম্পাদন জামানত ও পণ্যের নিরাপত্তা জামানত সমন্বয় করা সংক্রান্ত আবেদন (প্রযোজ্য ক্ষেত্রে);

উপর্যুক্ত শর্ত সাপেক্ষে আগামী ১৩/১০/২০২০ খ্রি. তারিখ সকাল ৯.৩০ টা হতে বেলা-১.০০ ঘটিকা পর্যন্ত চাহিত কাগজপত্রাদিসহ আবেদনপত্র চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের রক্ষিত বাক্সে গ্রহণ করা হবে। ঐদিন বিকাল ২.৩০ ঘটিকায় আবেদনপত্র কারিগরি সাব কমিটি কর্তৃক যাচাই বাছাই করা হবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

২৮-৯-২০২০
ড. এস এম মুহসিন
পরিচালক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, ঢাকা।

২) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৩) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক (সিপিটিইউ), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, ঢাকা।

৪) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৫) প্রধান মিলার, পোস্তগোলা আধুনিক সরকারি ময়দা মিল, পোস্তগোলা, ঢাকা

৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/রংপুর/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট। (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রদর্শন ও সংশ্লিষ্ট নৌ পরিবহণ ঠিকাদারদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো)

৭) সিনিয়র তথ্য কর্মকর্তা,, খাদ্য মন্ত্রণালয়,,

৮) প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা

৯) সভাপতি, খুলনা আঞ্চলিক নৌ-পরিবহণ ঠিকাদার সমিতি (খাদ্য), ঠিকানা-৬৯, লেয়ার যশোর রোড, খুলনা,

১০) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা/চট্টগ্রাম। (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রদর্শন ও সংশ্লিষ্ট নৌ পরিবহণ ঠিকাদারদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো)

১১) সাধারণ সম্পাদক, খুলনা আঞ্চলিক নৌ-পরিবহণ ঠিকাদার সমিতি (খাদ্য), ঠিকানা-৬৯, লেয়ার যশোর রোড, খুলনা,

১২) মেসার্স......................................, ডিবিসিসি, (খুলনা-বরিশাল), নৌ পরিবহণ পরিবহণ ঠিকাদার, ,

১৩) ব্যবস্থাপক, ঢাকা।/সিএসডি।/ঢাকা।/ময়মনসিংহ।

# আবেদনপত্র (ফরম এস-০১)

## ডিবিসিসি (খুলনা-বরিশাল)

প্রাপকঃ
পরিচালক
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ
খাদ্য অধিদপ্তর
১৬, আব্দুল গণি সড়ক
ঢাকা।

বিষয়ঃ ---------------নং লটে নিয়োগের লক্ষ্যে কাগজপত্রাদি দাখিল এবং অঙ্গিকারনামা প্রদান।

সূত্রঃ বিজ্ঞপ্তি নম্বর ১৩.০১.০০০০.০৮৩.৫০.০২০.১৯.২৪৭ তারিখ- /০৯/২০২০ খ্রি.।

প্রিয় মহোদয়,

আপনার /০৯/২০২০ খ্রি. তারিখের বিজ্ঞপ্তি মোতাবেক ডিবিসিসি (খুলনা-বরিশাল) ও তদসম্পর্কিত সেবার লট নম্বর ................ও ............... এর জন্য আহবানকৃত বিজ্ঞপ্তির বিষয়ে সম্যক জ্ঞাত হয়েছি। এতদ্বারা আমি/আমরা/আমাদের বিজ্ঞপ্তির শর্ত মোতাবেক প্রদত্ত কাগজপত্র অত্রসাথ ....................কপি দলিল দাখিল করছি।

কর্তৃপক্ষ আমাদের নিগোসিয়েশনকৃত ০৫/০৭/২০২০ খ্রি. তারিখের দর গ্রহণ করে কার্যাদেশ প্রদান করলে তা আমি/আমরা গ্রহণে বাধ্য থাকব এবং কার্যাদেশ প্রদান করলে কার্য সম্পাদন জামানত বাবদ চুক্তিবদ্ধ লট প্রতি ...............................টাকা হিসেবে .........টি লটের জন্য ................................................. টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার প্রদান করব অথবা ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থ বছরের জন্য চুক্তিবদ্ধ ও বর্ধিত মেয়াদে কর্মকালীন সময়ের চুক্তি সম্পাদন জামানত বাবদ দাখিলকৃত টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সমন্বয় করব। এছাড়া পণ্যের নিরাপত্তা জামানত বাবদ চুক্তিবদ্ধ লট প্রতি ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ব্যাংক গ্যারান্টি (মেয়াদ ৩০/০৯/২০২১ খ্রি. পর্যন্ত) প্রদান করব অথবা ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থ বছরের জন্য চুক্তিবদ্ধ ও বর্ধিত মেয়াদে কর্মকালীন সময়ের পণ্যের নিরাপত্তা জামানত বাবদ দাখিলকৃত টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ব্যাংক গ্যারান্টি (মেয়াদ ৩০/০৯/২০২১ খ্রি. পর্যন্ত) সমন্বয় করব মর্মে প্রতিজ্ঞা করছি।

সংযুক্তঃ মোট.................. পাতা

স্বাক্ষরঃ-.................................

মালিক/ব্যবস্থাপনা পরিচালক/

অংশীদার এর নামঃ

প্রতিষ্ঠানের নামঃ

প্রতিষ্ঠানের সিলঃ

তারিখঃ

সংযুক্ত সত্যায়িত কাগজপত্রাদিঃ

০১। আবেদনপত্র (ফরম এস-০১)
০২। আবেদনকারীর তথ্য সিট (ফরম এস-০২)
০৩। জাতীয় পরিচয়পত্র;
০৪। হালনাগাদ ট্রেড লাইসেন্স;
০৫। ২০১৯-২০ কর বছরের দাখিলকৃত আয়কর সনদ;
০৬। সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৩ (তিন) কপি রঙিন ছবি;
০৭। ৩০০/- (তিনশত ) টাকা মূল্যমানের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অতীত দায়দেনার হলফনামা;
০৮। চুক্তি সম্পাদন জামানত ও পণ্যের নিরাপত্তা জামানত সমন্বয় করা সংক্রান্ত আবেদন।
০৯। জাহাজের রেজিস্ট্রেশন সনদ (প্রযোজ্য ক্ষেত্রে);
১০। ধারণক্ষমতা প্রত্যয়নপত্র হালনাগাদ (প্রযোজ্য ক্ষেত্রে);
১১। সার্ভে সনদ হালনাগাদ (প্রযোজ্য ক্ষেত্রে);

# আবেদনকারীর তথ্য সিট (ফরম-এস-২)

## ডিবিসিসি (খুলনা-বরিশাল)

| | | | |
|---|---|---|---|
| বিজ্ঞপ্তি নং | : | ১৩.০১.০০০০.০৮৩.৫০.০২০.১৯.২৪৭ | তারিখ- /০৯/২০২০ খ্রি..। |
| চুক্তিবদ্ধ লট নং | : | | |

| | | | |
|---|---|---|---|
| ১.০ | ঠিকাদারের তথ্যাদিঃ | | |
| ১.১ | কর্মরত ও আগ্রহী লটের নং | : | |
| ১.২ | ঠিকাদারী প্রতিষ্ঠানের নাম | | |
| ১.৩ | মালিক/ব্যবস্থাপনা পরিচালক/অংশীদারের নামঃ | | |
| ১.৪ | মালিক/ব্যবস্থাপনা পরিচালক/ অংশীদারের স্থায়ী ঠিকানা | | |
| ১.৫ | মালিক/ব্যবস্থাপনা পরিচালক/ অংশীদারের ব্যবসায়িক ঠিকানা | | |
| ১.৬ | কোন তারিখ থেকে কর্মরত আছে/চুক্তির তারিখ ও প্রতিষ্ঠানের ধরণ: | | |
| ১.৭ | একক মালিকানা/অংশীদারি/ লিঃ কোম্পানি | | |
| ১.৮ | জাতীয় পরিচয়পত্র নং | | |
| ১.৯ | ব্যবসায়িক ফোন/মোবাইল নম্বর | | |
| ১.১০ | ব্যক্তিগত মোবাইল নম্বর | | |
| ১.১১ | ই-মেইল (বাধ্যতামূলক) | | |
| ১.১২ | লোকবলের সংখ্যাঃ | | |
| ১.১৩ | অন্তর্ভুক্ত নৌযানের নাম ও মালিকের নাম: নিজস্ব/ভাড়াকৃত: (জাহাজ সংক্রান্ত সকল সনদ যেমন রেজিস্ট্রেশন, সার্ভে, ধারণক্ষমতা ইত্যাদি হালনাগাদ থাকতে হবে এবং আবেদনপত্র দাখিলের তারিখ পর্যন্ত বৈধ থাকতে হবে) | ১ | নৌযান- |
| | | | মালিক- |
| | | | ক) রেজিস্ট্রেশন নং- খ) ধারণক্ষমতা- |
| | | | গ) সার্ভে সনদের মেয়াদ- |
| | | ২ | নৌযান- |
| | | | মালিক- |
| | | | ক) রেজিস্ট্রেশন নং- খ) ধারণক্ষমতা- গ) সার্ভে সনদের মেয়াদ- |
| ১.১৪ | হালনাগাদ ট্রেড লাইসেন্স এর তথ্য (মেয়াদ) | | |

ঠিকাদারের স্বাক্ষর ও তারিখ

প্রতিষ্ঠানের সিল